শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৪. ২০১৫- ৪৮৯ তারিখঃ ০২ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **আগামী ৩০ মার্চ ২০১৭ তারিখ, বৃহস্পতিবার, দশম সংসদের ২২৫ সুনামগঞ্জ-২ নির্বাচনি এলাকার শূন্য ঘোষিত আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।**

সূত্রঃ ০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১৭.২০১৬.১৯২ তারিখঃ ০৬/০৩/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে আগামী ৩০ মার্চ ২০১৭ তারিখ, বৃহস্পতিবার, দশম সংসদের ২২৫ সুনামগঞ্জ-২ নির্বাচনি এলাকার শূন্য ঘোষিত আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের বিষয়ে নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্রটি এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৭৪.২০১৫-৩৪৪ তারিখ: ১৯ মার্চ, ২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি সদয় অবগতি ও পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭
E-mail: uz1lgd@gmail.com

১। চেয়ারম্যান (সংশ্লিষ্ট), ...উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট), ...উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সংশ্লিষ্ট)], ...উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১৭.২০১৬.১৯২

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৩
০৬ মার্চ ২০১৭

বিষয়ঃ আগামী ৩০ মার্চ ২০১৭ তারিখ, বৃহস্পতিবার, দশম জাতীয় সংসদের ২২৫ সুনামগঞ্জ-২ নির্বাচনি এলাকার শূন্য ঘোষিত আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ৩০ মার্চ ২০১৭ তারিখ, বৃহস্পতিবার, দশম জাতীয় সংসদের ২২৫ সুনামগঞ্জ-২ নির্বাচনি এলাকার শূন্য ঘোষিত আসনের নির্বাচনি এলাকার নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সেদিকে লক্ষ্য রাখা সংশ্লিষ্ট সকলের কর্তব্য। উল্লিখিত নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। নির্বাচন কমিশন সচিবালয়ের অনুরোধক্রমে সরকারের পক্ষ হতে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

২। নির্বাচন কমিশন জানিয়েছেন যে নির্বাচন পরিচালনার জন্য আঞ্চলিক নির্বাচন অফিসার, সিলেট অঞ্চলকে রিটার্নিং অফিসার এবং উপজেলা নির্বাচন অফিসার, সদর, সুনামগঞ্জ ও উপজেলা নির্বাচন অফিসার, দিরাই, সুনামগঞ্জকে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনের জন্য বিভিন্ন সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করা হবে। বিভিন্ন পর্যায়ের সরকারি এবং সরকারি অনুমোদনপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষিকাগণ নির্বাচনের কাজে প্রত্যক্ষভাবে দায়িত্বপ্রাপ্ত হবেন। ভোটকেন্দ্রের আইনশৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সদস্যদের মোতায়েন করা হবে। তা ছাড়া, বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার স্থাপনা/অঙ্গন ভোটগ্রহণের কাজে ভোটকেন্দ্র হিসাবে ব্যবহৃত হবে।

৩। দশম জাতীয় সংসদের ২২৫ সুনামগঞ্জ-২ শূন্য আসনের আসন্ন নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি সংস্থার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অতীতের মত এ নির্বাচনেও নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন বলে সরকার আশা করে। নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের বিধান সংবলিত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নম্বর আইন)-এর ২-এর (ঘ) এবং ৪-এর (৩)(৪)(৫) উপধারা অনুসারে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত যে কোন কর্মকর্তা/কর্মচারী উক্তরূপ নিয়োগের তারিখ হতে নির্বাচনি দায়িত্ব হতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত তাঁর চাকুরির অতিরিক্ত হিসাবে নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে চাকুরিরত রয়েছেন বলে গণ্য হবেন। প্রেষণে চাকুরিরত অবস্থায় তিনি নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনে নির্বাচন কমিশন এবং ক্ষেত্রমতে রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থাকবেন এবং তাঁদের যাবতীয় আইনানুগ আদেশ বা নির্দেশ পালনে বাধ্য থাকবেন। প্রেষণে থাকাকালে নির্বাচন সংক্রান্ত দায়িত্ব অগ্রাধিকার পাবে।

৪। নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ৫ (২) অনুসারে সরকারের নির্বাহী কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকলের কর্তব্য।

৫। এমতাবস্থায়, উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি মোতাবেক নিরপেক্ষভাবে পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা ও সহায়তা প্রদান করার জন্য সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগকে তাদের অধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনতিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ জানানো হলো।

যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা : প্রশাসন-১/২/ জেপ

পার্সোনাল অফিসার

অতিরিক্ত সচিব (প্রঃ)

৬। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/শিক্ষিকাদের প্রতিও অনুরূপ নির্দেশনা জারি করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ করা হল।

৭। নির্বাচন পরিচালনার কাজ যাতে অব্যাহত গতিতে চলতে পারে তার নিশ্চয়তা বিধানের জন্য গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ৪৪ই-এর বিধান অনুযায়ী নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ থেকে নির্বাচনের ফলাফল ঘোষণার পর ১৫ (পনের) দিন সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নির্বাচন কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অন্যত্র বদলি পরিহার করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থাসমূহকে নির্বাচনের কাজ শেষ না হওয়া পর্যন্ত নির্বাচনের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ছুটি প্রদান এবং অন্যত্র বদলি করা হতে বিরত থাকতে হবে।

স্বাক্ষরিত/-
০৬.৩.২০১৭
(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১৭.২০১৬.১৯২

২২ ফাল্গুন ১৪২৩
তারিখ:
০৬ মার্চ ২০১৭

অনুলিপি:
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব, ... মন্ত্রণালয়/বিভাগ।
০২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব.................................. মন্ত্রণালয়/বিভাগ।
০৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। উপমহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
০৬। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা/দিরাই, সুনামগঞ্জ।
১০। উপজেলা নির্বাচন অফিসার, সদর/দিরাই, সুনামগঞ্জ।

সদয় অবগতির জন্য:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

(মোঃ ছাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa_branch@cabinet.gov.bd